



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর-রাশিবো/জেএসসি/পনি-৬৭

তারিখ : ২৪ ডিসেম্বর ২০১৮

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল কেন্দ্র সচিব/অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেএসসি পরীক্ষা ২০১৮ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য “টেলিটক বাংলাদেশ লিমিটেড” এর পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির SMS করার পদ্ধতি নিম্নরূপ : (২৫ ডিসেম্বর ২০১৮ থেকে ০২ জানুয়ারি ২০১৯ পর্যন্ত) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। মোবাইল Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে RAJ লিখে <Space> দিয়ে Roll No. লিখে আবার <Space> দিয়ে Subject Code লিখে Send করুন 16222 নম্বরে যেমন- RSC RAJ 123456 101, 109। এক্ষেত্রে প্রতি বিষয় এবং প্রতিটি পত্রের জন্য ১২৫.০০ (একশত পঁচিশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে। ফিরতি SMS-এ একটি PIN Number প্রদান করা হবে। তারপর Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে YES লিখে <Space> দিয়ে PIN Number <Space> যোগাযোগ মোবাইল নম্বর লিখে Send করুন 16222 নম্বরে। শুধুমাত্র অনিয়মিত ও মান উন্নয়ন পরীক্ষার্থী যে সকল বিষয়ের দুটি পত্র (বাংলা ও ইংরেজি) রয়েছে সে সকল বিষয়ে ১টি Subject Code (বাংলার জন্য 101, ইংরেজির জন্য 107) এর বিপরীতে দুটি পত্রের আবেদন হিসেবে গণ্য হবে এবং আবেদন ফি হিসেবে ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা প্রযোজ্য হবে। একই SMS- এর মাধ্যমে একাধিক বিষয়ের আবেদন করা যাবে। এ ক্ষেত্রে Subject Code পর্যায়ক্রমে কমা (,) দিয়ে লিখতে হবে।

২৪/১২/১৮

প্রফেসর ড. মো. আনারুল হক প্রাণ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

☎ ০৭২১-৭৭ ৬২ ৩১

স্মারক নম্বর- রাশিবো/পনি/জেএসসি-৪৮৭(১৪)

তারিখ : ২৪ ডিসেম্বর ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল

- ১-৪. সচিব/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- ৫-৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট/প্রধান মূল্যায়ন অফিসার/উপ-সচিব(প্রশাসন/ভান্ডার)/
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(এইচএসসি/এসএসসি/জেএসসি/সনদ/স্ক্রিপ্ট), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৮. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র সচিব (কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিটি বিলি করার জন্য অনুরোধ করা হ'ল)
৯. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠানসমূহের প্রধান
১০. জি.এম.(মার্কেটিং), টেলিটক বাংলাদেশ লিমিটেড, গোল্ডেন এজ, গুলশান-২, ঢাকা- ১২০০
১১. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৩. তথ্য ও জনসংযোগ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৩. শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্ক্রিপ্ট শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৪. অফিস নথি

মোসা. সেলিনা পারভীন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (জেএসসি)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

☎ ০৭২১ - ৭৭ ৫১ ১৯